



অবি লম্বে প্রকাশে র উদ্দে শ্যে: 10/12/2021

গভর্নর ক্যাথি হোচুল

গভর্নর হোচুল অক্টোবর মাসে নিউ ইয়র্কবাসীদের জন্য খাদ্য সহায়তায় বাড়তি 230 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করার ঘোষণা করেছেন

সকল সাপ্লিমেন্টাল নিউট্রিশন অ্যাসিস্ট্যান্স প্রোগ্রাম (Supplemental Nutrition Assistance Program, SNAP) পরিবার সর্বোচ্চ স্তরের খাদ্য সুবিধা লাভ করবেন সম্পূরক সুবিধায় 2 বিলিয়ন মার্কিন ডলারের বেশি বিতরণ করা হয়েছে এখন অবধি এই বছর

গভর্নর ক্যাথি হোচুল আজকে ঘোষণা করেছেন যে সাপ্লিমেন্টাল নিউট্রিশন অ্যাসিস্ট্যান্স প্রোগ্রামে অন্তর্ভুক্ত নিউ ইয়র্কবাসীরা অক্টোবর মাসের জন্য সর্বোচ্চ অনুমোদিত খাদ্য সুবিধা পাবে। SNAP এ অংশগ্রহণকারী সকল পরিবার - যারা ইতিমধ্যেই সুবিধার সর্বাধিক সীমায় আছেন - এই মাসের পরের দিকে একটি সম্পূরক বরাদ্দকরণ লাভ করবেন, যার ফলে আনুমানিক 230 মিলিয়ন মার্কিন ডলারের ফেডারাল অর্থায়ন রাজ্যের অর্থনীতিতে প্রবেশ করবে।

"এই অভূতপূর্ব সময়ে যখন আমরা একটি জন স্বাস্থ্য সংকটের সাথে লড়াই করছি, আমাদের নিশ্চিত করতে হবে যে প্রত্যেক নিউ ইয়র্কবাসী যেন ক্ষুধা এবং খাদ্য নিরাপত্তাহীনতায় কষ্ট না পান," **গভর্নর হোচুল বলেন।** "এই কষ্টের সময় খাদ্য সুবিধায় সহায়তা প্রদান করে আমরা নিশ্চিত করতে সাহায্য করছি যে এই রাজ্যের প্রত্যেকে অত্যন্ত প্রয়োজনীয় সহায়তা পায় যাতে তারা তাদের জীবন ধারণ করতে পারেন, নিজেদের এবং তাদের পরিবারের ভার বহন করতে পারেন এবং সফল হতে পারেন।"

জরুরী সহায়তার সম্পূরক সেই পরিবারগুলিকে প্রদান করা হবে যারা প্রতি মাসে সর্বাধিক অনুমোদিত SNAP এর সুবিধা সাধারণত পান না - একটি ফেডারাল-অর্থায়ন-প্রাপ্ত প্রোগ্রাম যা স্টেট অফিস অফ টেম্পোরারি অ্যান্ড ডিজিভিলিটি অ্যাসিস্ট্যান্স প্রদান করা হয়। যে পরিবারগুলি ইতিমধ্যেই সর্বাধিক সুবিধার কাছে আছেন বা সেখানে পৌঁছে গেছেন, তারা 95 মার্কিন ডলারের সম্পূরক পেমেন্ট পাবেন।

নিউ ইয়র্ক সিটির বাইরে সকল কাউন্টিগুলির SNAP পরিবারগুলির এই সপ্তাহ থেকে এই সুবিধাগুলি লাভ করতে শুরু করা উচিত, যা অক্টোবর 21 পর্যন্ত প্রসারিত হবে, নিউ ইয়র্ক সিটি অঞ্চলের পাঁচটি কাউন্টির SNAP পরিবারগুলি 18 সেপ্টেম্বর থেকে মাসের শেষ পর্যন্ত সুবিধাগুলি পাবেন।

আগের মাসগুলিতে, পেমেন্টগুলি সরাসরি প্রাপকের বর্তমান ইলেকট্রনিক বেনেফিট ট্রান্সফার অ্যাকাউন্টে প্রদান করা হয়েছিল এবং যা বর্তমান EBT কার্ড দিয়ে অ্যাক্সেস করা যেতে পারে। নিয়মিত SNAP সুবিধাগুলির মত, পরিপূরণকারী সুবিধাগুলিকে অনুমোদিত রিটেইল খাবারের দোকান থেকে খাবার কেনার কাজে ব্যবহার করা যেতে পারে। যেকোনো অব্যবহৃত SNAP সুবিধা স্বয়ংক্রিয়ভাবে পরের মাসের জন্য জমা হবে।

কোভিড-19 মহামারী দৈনন্দিন জীবনকে প্রভাবিত করে চলার সাথে অনটনে থাকা নিউ ইয়র্কবাসীরা SNAP এর উপর গভীরভাবে নির্ভর করা চালিয়ে যাচ্ছেন। আগস্ট 2021-এর হিসাব অনুযায়ী, রাজ্য জুড়ে 2.79 মিলিয়নেরও বেশি SNAP প্রাপক ছিলেন।

খাদ্য সুবিধায় বিনিয়োগ করা প্রতিটি ডলার 1.54 মার্কিন ডলার উত্পন্ন করতে পারে অর্থনৈতিক ক্রিয়াকলাপে, [মার্কিন যুক্তরাষ্ট্রের অর্থনীতির উপর SNAP এর প্রভাব পরিমাপ করা একটি ফেডারাল অধ্যয়ন অনুযায়ী](#)। অধ্যয়নে এও পাওয়া গেছে যে নতুন SNAP সুবিধায় অতিরিক্ত 1 বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ আন্দাজ 13,560-টি চাকরি সমর্থন করতে পারে দেশব্যাপী।

অফিস অফ টেম্পোরারি অ্যান্ড ডিজিবেলিটি অ্যাসিস্ট্যান্সের (Office of Temporary and Disability Assistance, OTDA) ডেপুটি কমিশনার বারবারা গুইন বলেন, "রাজ্য জুড়ে খাদ্য-অসুরক্ষিত পরিবারগুলি ও ব্যক্তিদের অত্যন্ত প্রয়োজনীয় ত্রাণ প্রদান করার জন্য এই যোগ করা সুবিধাগুলি আমাদের স্থানীয় খুচরা বিক্রেতাদের এক স্বাগত উদ্দীপনা প্রদান করছে। আমরা গভর্নর হোচুলের এবং ফেডারাল সরকারের সাথে কাজ করে যেতে থাকবো যাতে নিশ্চিত করা যায় যে এই কষ্টের সময় এই সুবিধাগুলি নিউ ইয়র্কবাসীদের সাহায্য করে যেতে থাকে।"

প্রায়শ জিজ্ঞাসিত প্রশ্নের উত্তর সহ জরুরি সহায়ক SNAP সুবিধা সম্পর্কে আরও তথ্য পেতে otda.ny.gov/SNAP-COVID-19 এ যান। নিউ ইয়র্কবাসীরা SNAP এর জন্য তাদের যোগ্যতা যাচাই করতে এবং অনলাইনে আবেদন করতে পারবেন mybenefits.ny.gov গিয়ে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418